

কেন রে বিমর্ষ চিত্ত নিত্য ধন দেখ নয়নে ।

উড়ায়ে নামের নিশান প্রেমের বিষাগ,

ঈশান ঐ ঈশান কোণে ॥

- ১। সেই নাম সেই হরি, নীরোদ, ক্ষীরোদ বিহারী,  
হরিচাঁদ পারের কাণ্ডারী আছে বর্তমানে ।
- ২। রসিক-রসিক জিনি, ভানু তনুজ জিনি,  
সদর্পে কন্দর্পে জিনি, তিনি মত্ত কীর্তনে ॥
- ৩। পূর্ণ ষড়ৈশ্বর্য মাখা ঐশ্বর্যে মাধুর্য ঢাকা,  
উনবিংশতি চিহ্ন দেখা, যায় শ্রীহরির চরণে ॥
- ৪। তারকচাঁদ কয় ঐরূপ দেখে, দেহপ্রাণ সঁপ্লাম আশ্রিকে,  
যাদব র'ল কুস্তীপাকে, গুরুচাঁদের কৃপা বিনে ॥

—যাদবচন্দ্র গোস্বামী ঠাকুর



জন্মাবধি অপরাধী হরি তব চরণে ।

আমার জন্ম বিফল, কর্ম বিফল, বিফল জীবন ধারণে ॥

- ১। পতিত ঘৃণিত আমি, পতিত পাবন তুমি,  
তুমি হও জগতের স্বামী, আমি পা'ব কোন্ গুণে ॥